গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
জেলা ও মাঠ প্রশাসন অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১-১৪১

তারিখ: ০৭ মাঘ ১৪২৮
২১ জানুয়ারি ২০২২

**বিষয়: করোনাভাইরাসজনিত রোগ কোভিড-১৯-এর বিস্তাররোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপ।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১-১৩১ তারিখ: ১০.০১.২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের অনুবৃত্তিক্রমে আজ ২১ জানুয়ারি ২০২২ তারিখ হতে সার্বিক কার্যাবলি/চলাচলে নিম্নোক্ত বিধি-নিষেধ আরোপ করা হলো:

ক. ২১ জানুয়ারি ২০২২ থেকে আগামী ০৬ ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত সকল স্কুল, কলেজ ও সমপর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকবে;

খ. বিশ্ববিদ্যালয়গুলো নিজ নিজ ক্ষেত্রে অনুরূপ ব্যবস্থা গ্রহণ করবে;

গ. সামাজিক/রাজনৈতিক/ধর্মীয়/রাষ্ট্রীয় অনুষ্ঠানে ১০০-র বেশি জনসমাবেশ করা যাবে না। এসব ক্ষেত্রে যারা যোগদান করবে তাদের অব্যশই টিকা সনদ/২৪ ঘন্টার মধ্যে পিসিআর সার্টিফিকেট আনতে হবে।

ঘ. সরকারি/বেসরকারি অফিস, শিল্প কারখানাসমূহে কর্মকর্তা/কর্মচারীদের টিকা সনদ গ্রহণ করতে হবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এ বিষয়ে দায়িত্ব বহন করবেন;

ঙ. বাজার/শপিং মল, মসজিদ, বাসস্ট্যান্ড, লঞ্চঘাট, রেলস্টেশনসহ সবধরণের জনসমাবেশে অবশ্যই মাস্ক ব্যবহারসহ যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে; এবং

চ. বিষয়টি স্থানীয় প্রশাসন ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী মনিটর করবে।

০২। উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২১.০১.২০২২


(মোঃ সাব্বিরুল ইসলাম)
যুগ্মসচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
ফোন: ৯৫১৪৪২৬


**১. সিনিয়র সচিব/সচিব (সকল)/প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ**
**২. বিভাগীয় কমিশনার (সকল)**

**অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২. পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা
৩. মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)/বাংলাদেশ কোস্ট গার্ড/বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
৪. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা
৫. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর (নির্দেশনাটি ব্যাপক প্রচারের অনুরোধসহ)
৬. জেলা প্রশাসক (সকল)
৭. মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ
৮. উপজেলা নির্বাহী অফিসার (সকল)

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

সচিবালয়

ফোনঃ ০২২২২২৩০০৫৩
ই-মেইলঃ bwdbsecretary@gmail.com
ওয়েবসাইটঃ www.bwdb.gov.bd

পানি ভবন (লেভেল-৭),
৭২,গ্রীণ রোড, ঢাকা-১২০৫

Phone: 02222230053
e-mail:bwdbsecretary@gmail.com
website: www.bwdb.gov.bd


স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.১৯-৪৬৪

তারিখঃ ৯ মাঘ, ১৪২৮ বঙ্গাব্দ
২৩ জানুয়ারি, ২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে প্রেরণ করা হলোঃ-

১। সকল দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

২। সি.এস. ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।)

৪-৮। ব্যক্তিগত সহকারী অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/ অর্থ/ পূর্ব রিজিয়ন/ পশ্চিম রিজিয়ন/ পরিকল্পনা), বাপাউবো, ঢাকা।

২৩/০১/২০২২

(মোঃ মুজিবুর রহমান)
সচিব
বাপাউবো, ঢাকা